দৈনিক বাংলা

তারিখ ... 09 AUG 1995 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ...

38

# চট্টগ্রাম ভার্সিটি ঃ ছাত্র রাজনীতির ওপর পুনরায় নিষেধাজ্ঞা

**স্টাফ রিপোর্টার ঃ** চট্টগ্রাম, ৮ আগস্ট।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্র রাজনীতির ওপর ৬ মাসের নিষেধাজ্ঞা গতকাল শেষ হবার পর পুনরায় অনির্দিষ্ট-কালের জন্য ছাত্র রাজনীতির ওপর নিষেধাজ্ঞা বলবৎ করা হয়েছে। বিশ্ব-বিদ্যালয়ের প্রক্টোর জানান, আগামী সিন্ডিকেট বৈঠকে এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে। কখন এই সিন্ডিকেট বৈঠক আহবান করা হবে এ ব্যাপারে তিনি অবহিত নন। ৬ মাস পূর্বে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট অসন্তোষের কারণে ২৮৯তম সিন্ডিকেট সভায় ৬ মাসের জন্য ক্যাম্পাসে ছাত্র রাজনীতির ওপর নিষে-ধাজ্ঞা আরোপ করা হয়। ছাত্র সংগঠন-গুলো এই নিষেধাজ্ঞা বলবৎ রাখার বিরোধীতা করলেও অনেক সাধারণ ছাত্রছাত্রী নিষেধাজ্ঞা অব্যাহত রাখার জন্য প্রোক্টরের প্রতি আবেদন জানিয়েছেন।